গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৮২.২২-৮৯০ | তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৯ / ১৯ মে ২০২২

বিষয়: **রিট পিটিশন নং ১৩৫৭/২০২২ মোকদ্দমার আরজির আলোকে অন্তবর্তী আদেশ পালনসহ দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণী প্রেরণ সংক্রান্ত।**

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট ১৩৫৭/২০২২-এর ০১/০৩/২০২২ খ্রিষ্টাব্দের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নেত্রকোণা জেলার খালিয়াজুরী ডাকবাংলো সংলগ্ন জেলা পরিষদ ১নং সুপার মার্কেটের দোকান বরাদ্দ চুক্তিপত্র (Allotment Agreement) এবং বরাদ্দ পত্র (Allotment Letter) বাতিলের বিষয়ে জেলা পরিষদ, নেত্রকোণা-এর ২৩/১২/২০২১ খ্রিষ্টাব্দের ৯০৫নং স্মারককে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ছয় জনকে প্রতিপক্ষ করে রিট পিটিশন নং ১৩৫৭/২০২২ দায়ের করা হয়। বিজ্ঞ আদালত তর্কিত বিষয়ে আদেশ গ্রহণের তারিখ হতে **০৬ (ছয়) মাসের স্থগিতাদেশ** দিয়েছেন। রিটের ৫নং প্রতিপক্ষ প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নেত্রকোণা।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং **১৩৫৭/২০২২** মোকদ্দমার আরজির আলোকে অন্তবর্তী আদেশ পালনসহ দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে ***দুই সেট জরুরিভিত্তিতে অনধিক ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে*** নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


সংযুক্তি: বর্ণনামতে.......পাতা।

১৯-৫-২০২২
মোঃ মহিউদ্দীন শামীম
সহকারি সচিব
ফোন: 9540995
ইমেইল: lglaw1@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নেত্রকোণা।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৮২.২২-৮৯০/১(৪) | তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৯ / ১৯ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) উপসচিব, জেলা পরিষদ শাখা, স্থানীয় সরকার বিভাগ
২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর , স্থানীয় সরকার বিভাগ
৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১৯-৫-২০২২
মোঃ মহিউদ্দীন শামীম
সহকারি সচিব